অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/6/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল এই গ্রীষ্মকালে নিউ ইয়র্কবাসীকে নিরাপদ রাখতে পুরো স্টেটে বাতাসের মাণের মনিটরিং সম্পর্কে আপডেট দিলেন

কানাডিয়ান দাবানলের ধোঁয়ার প্রভাবের কারণে অ্যাডিরন্ডাকস, ইস্টার্ন লেক অন্টারিও এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্ক অঞ্চলে এয়ার কোয়ালিটি হেলথ অ্যাডভাইজরি ঘোষণা করা হয়েছে

নিউ ইয়র্ক স্টেটের 50টির বেশি সাইট থেকে পাওয়া ডেটা ব্যবহার করে DEC-এর মিটিয়োরলজিস্টরা বাতাসের মাণ পরীক্ষা করেছেন

গরম আবহাওয়া আসছে, তাই নিউ ইয়র্কবাসীদেরকে "বাতাসের মাণ সম্পর্কে সচেতন" হওয়ার জন্য উৎসাহিত করা হচ্ছে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে পুরো স্টেটে বাতাসের মাণ পরীক্ষা করার জন্য এবং এই গ্রীষ্মকালে নিউ ইয়র্কবাসীকে নিরাপদ রাখার জন্য স্টেটের সার্বিক বাতাসের মনিটরিং চেষ্টা সম্পর্কে আপডেট দিয়েছেন। নিউ ইয়র্কের বাসিন্দা ও ভিজিটরদের মনে করিয়ে দেওয়া হচ্ছে যে তাদের প্রতিদিনের গরম আবহাওয়ার রুটিনে বাতাসের মাণ সম্পর্কে সচেতনতা যোগ করতে হবে। এছাড়াও ওয়েস্টার্ন কানাডার (Western Canada) বনভূমিতে আগুনের কারণে সূক্ষ্ম কণাযুক্ত পদার্থের (fine particulate matter, PM2.5) সৃষ্ট দূষণের জন্য নিউ ইয়র্ক স্টেট (New York State, NY) আজকে, 6 জুন, শুক্রবারে, অ্যাডিরন্ডাকস (Adirondacks), ইস্টার্ন লেক অন্টারিও (Eastern Lake Ontario) এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্ক (Western New York) অঞ্চলে একটি এয়ার কোয়ালিটি হেলথ অ্যাডভাইজরি (Air Quality Health Advisory) ঘোষণা করেছে।

"সবথেকে নতুন বিজ্ঞান ও ডেটা ব্যবহার করে নিউ ইয়র্ক পুরো স্টেটের বাতাসের মাণের অবস্থা পরীক্ষা করে চলেছে যাতে নিউ ইয়র্কের কমিউনিটিগুলিকে নিরাপদ রাখা যায়," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "গ্রীষ্মকালের মাসগুলিতে তাপমাত্রা বাড়তে শুরু করেছে এবং দূরের দাবানলের মতো কম অনুমান করা যায় এমন ঘটনা ঘটছে, তাই খোঁজখবর রাখার জন্য এবং স্টেটের এয়ার কোয়ালিটি হেলথ অ্যাডভাইজরির দিকে খেয়াল রাখার মাধ্যমে বাতাসের মাণের পরিবর্তন সম্পর্কে প্রস্তুত হওয়ার জন্য এবং নিরাপদ থাকতে প্রয়োজনীয় সতর্কতা অবলম্বন করার জন্য নিউ ইয়র্কবাসীদেরকে আমি জোর দিয়ে উৎসাহিত করছি।"

নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজার্ভেশন (Department of Environmental Conservation, DEC) প্রতিদিন বাতাসের মানের পূর্বাভাস দিয়ে থাকে যাতে নিশ্চিত করা যায় যে বাতাসের মাণ সম্পর্কে তথ্য নিউ ইয়র্কবাসীদের হাতের নাগালের মধ্যেই থাকে। যদিও নিউ ইয়র্ক স্টেটে বায়ু দূষণ কমাতে এবং জনস্বাস্থ্য ও পরিবেশ রক্ষার জন্য জাতীয়ভাবে সবচেয়ে কঠোর বায়ুর মান বিষয়ক কিছু নীতিমালা রয়েছে তবে কিছু নির্দিষ্ট দিনে ওজোন বা কণা জাতীয় পদার্থ আপনার কমিউনিটির বায়ুর গুণগতমানের উপর প্রভাব ফেলতে পারে।

পুরো স্টেটের স্টেটের 50টির বেশি সাইট থেকে পাওয়া ডেটা ব্যবহার করে DEC এবং ডিপার্টমেন্ট অভ হেলথ (Department of Health, DOH) এয়ার কোয়ালিটি হেলথ অ্যাডভাইজরি ঘোষণা করে যখন DEC-এর মিটিয়োরলজিস্টরা অনুমান করেন যে ওজোন (ozone) বা সূক্ষ্ম কণাযুক্ত পদার্থের কারণে হওয়া দূষণের মাত্রার জন্য এয়ার কোয়ালিটি ইনডেক্সের (Air Quality Index, AQI) মাণ 100-এর বেশি হবে। এক স্কেলে দূষণের বিভিন্ন মাত্রাকে সম্পর্কিত করার একটি সহজ উপায় হিসেবে AQI তৈরি করা হয়েছে, যেখানে AQI এর মান বেশি হওয়ার অর্থ হলো বৃহত্তর স্বাস্থ্য উদ্বেগের ইঙ্গিত।

6 জুন, 2025, শুক্রবারে কানাডার দাবানলের ধোঁয়ার প্রভাবের কারণে অ্যাডিরন্ডাকস, ইস্টার্ন লেক অন্টারিও এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্ক অঞ্চলে PM2.5-এর জন্য একটি এয়ার কোয়ালিটি হেলথ অ্যাডভাইজরি ঘোষণা করা হয়েছে।

নিউ ইয়র্কবাসীকে উৎসাহ দেওয়া হচ্ছে যাতে তারা বাতাসের মাণের পূর্বাভাস এবং অবস্থা সম্পর্কে নির্ভুল তথ্যের জন্য airnow.gov চেক করে। আগুনের ধোঁয়ায় এক্সপোজার সম্পর্কে তথ্য পাওয়া যাবে DOH-এর ওয়েবসাইটে।

DEC-এর কমিশনার Amanda Lefton (আমান্ডা লেফটন) বলেন, "এই গ্রীষ্মকালে নিরাপদ ও স্বাস্থ্যবান থাকতে নিউ ইয়র্কবাসীদের জন্য বাতাসের মাণ সম্পর্কে সচেতন হওয়া অতি গুরুত্বপূর্ণ। DEC পুরো স্টেটের বাতাসের মাণ পরীক্ষা করতে থাকবে এবং ডিপার্টমেন্ট অফ হেলথের আমাদের পার্টনারদের সাথে কাজ করে মানুষকে জানাতে থাকবে যে কীভাবে নিজেদের ও নিজের পরিবারকে সুরক্ষিত রাখতে হবে এবং বায়ু দূষণের এক্সপোজার কম করতে হবে। নিউ ইয়র্কবাসীরা প্রতিদিনের পূর্বাভাসের জন্য DEC-এর ওয়েবসাইট ভিজিট করতে পারে বা এনভায়রনমেন্টাল প্রোটেকশন এজেন্সির (Environmental Protection Agency, EPA) AirNow অ্যাপের মতো বিশ্বস্ত উৎস ব্যবহার করতে পারবেন, যেখানে DEC-এর পুরো স্টেটের মনিটরিং নেটওয়ার্ক থেকে পাওয়া বাতাসের মাণের ডেটা ব্যবহার করা হয়।"

নিউ ইয়র্ক স্টেটের হেলথ কমিশনার Dr. James McDonald (ডাঃ জেমস ম্যাকডোনাল্ড) বলেন, "দাবানলের থেকে আসা সূক্ষ্ম কণাযুক্ত পদার্থ বা মাটিতে থাকা ওজোনের মতো দূষক স্বাস্থ্যের মারাত্মক ক্ষতি করতে পারে, বিশেষ করে তাদের জন্য যাদের হৃদরোগ আছে বা অ্যাজমার মতো ফুসফুসের রোগ আছে, এবং সেই সাথে খুব কম বয়সের মানুষ, 65 বছরের বেশি বয়সের মানুষ এবং গর্ভবতী মানুষের জন্য। যেমনটি প্রতিদিন সকালে আপনি আপনার ফোনে আবহাওয়া চেক করেন, আমরা সকল নিউ ইয়র্কবাসীকে উৎসাহিত করছি যে সর্বশেষ বাতাসের মাণের পূর্বাভাসের জন্য airnow.gov ভিজিট করুন এবং ডিপার্টমেন্ট অফ

এনভায়রনমেন্টাল কনজার্ভেশন এবং ডিপার্টমেন্ট অফ হেলথ কোনো এয়ার কোয়ালিটি অ্যাডভাইজরি দিয়েছে কিনা সে ব্যাপারে খেয়াল রাখুন। বাতাসের মাণ খারাপ হলে ঘরের ভেতরে থেকে, এক্সপোজার কম করে এবং ঘরের বাইরে গেলে ভারী কাজ কম করে নিজেকে সুরক্ষিত রাখুন।"

বায়ু দূষণ বিভিন্ন উপায়ে জনস্বাস্থ্য এবং প্রাকৃতিক সম্পদের ক্ষতিসাধন করতে পারে। গ্রীষ্মের গরম আবহাওয়া মানুষের স্বাস্থ্যের জন্য ক্ষতিকর হতে পারে এমন দুইটি প্রধান দূষকের উপস্থিতির সুযোগ সৃষ্টি করে: ওজোন এবং সূক্ষ্ম কণাযুক্ত পদার্থ অর্থাৎ বাতাসে থাকা অনেক ছোট কঠিন পদার্থ বা তরল ফোঁটা যার ব্যাস 2.5 মাইক্রন বা তার চেয়ে কম। মাছ ও বন্যপ্রাণীর উপর অ্যাসিড বৃষ্টি এবং বাতাসে থাকা পারদের (mercury) ক্ষতিকারক প্রভাব দেখা যায়। বাতাসের গ্রিনহাউজ গ্যাস (Greenhouse gases, GHG) পৃথিবীর জলবায়ু পরিবর্তন করে দিচ্ছে এবং প্রচণ্ড গরম, প্রাণঘাতী বন্যা, খরা, আগুন, সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি, এবং তীব্র ঝড়ের মতো অনেক ধরণের ক্ষতিকর প্রভাবের জন্য এটি একটি কারণ।

প্রচণ্ড গরম

স্টেটের এক্সট্রিম হিট অ্যাকশন প্ল্যানের (Extreme Heat Action Plan) সুপারিশ অনুযায়ী এই গ্রীষ্মকালে প্রচণ্ড গরম থেকে নিউ ইয়র্কের কমিউনিটিগুলিকে সুরক্ষা দিতে নতুন ও উন্নত রিসোর্স দেওয়ার কথা গভর্নর Hochul (হোকল) সম্প্রতি তুলে ধরেছেন।

- **বাড়িতে ঠাণ্ডা হওয়ার জন্য নতুন সমর্থন:** নতুন Essential Plan Cooling প্রোগ্রামের মাধ্যমে, NY স্টেট অফ হেলথ (NY State of Health) এসেনশিয়াল প্ল্যানের (Essential Plan) যোগ্য সদস্যদেরকে তাদের বাসা ঠাণ্ডা রাখতে সাহায্যে করার জন্য বিনামূল্যে একটি এয়ার কন্ডিশনার দিবে। এটি 2025 সালে HEAP Cooling প্রোগ্রামের মাধ্যমে দেওয়া সাহায্যকে সমর্থন করবে যা 2024 সালে 23,000-এর বেশি গৃহস্থালিকে দেওয়া হয়েছিলো।
- **কুলিং সেন্টারের আরো ভালো অ্যাক্সেস:** নিউ ইয়র্কবাসীদের ঠাণ্ডা হওয়ার নিরাপদ স্থানের সাথে সংযুক্ত করতে সাহায্য করার জন্য নতুন রিসোর্স পাওয়া যাচ্ছে। 2025 সালের পুরো গ্রীষ্মকালে কুলিং সেন্টার ফাইন্ডার (Cooling Center Finder) আপডেট করার জন্য নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অফ হেলথ এবং ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস (Division of Homeland Security and Emergency Services, DHSES) স্থানীয় হেলথ ডিপার্টমেন্ট এবং জরুরি ব্যবস্থাপকদের সাথে সমন্বয় করা চালিয়ে যাবে। কুলিং সেন্টার স্থাপনের জন্য সবথেকে সেরা প্র্যাকটিস এবং এই স্থানগুলি কীভাবে পরিচ্ছন্ন বায়ুর কেন্দ্র হিসেবে কাজ করতে পারে সে সম্পর্কে তথ্য দেওয়ার জন্য DOH নতুন সংস্থান দিবে। Climate Smart Communities অনুদান প্রোগ্রামের রাউন্ড 8 এখন শুরু হয়েছে, যার ফলে কুলিং সেন্টার স্থাপন করাসহ GHG প্রশমন এবং জলবায়ুর সাথে মানিয়ে নেওয়ার প্রজেক্টের জন্য 22 মিলিয়ন মার্কিন ডলার দেওয়া হবে।
- **ঠাণ্ডা ভবনের জন্য বাড়তি সহায়তা:** নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথোরিটির (New York State Energy Research and Development Authority, NYSERDA) মাধ্যমে পাওয়া তহবিল ওয়েদারাইজেশন এবং পরিচ্ছন্ন ও দক্ষ

হিটিং এবং কুলিংকে সমর্থন করে যা বাড়ি, কমিউনিটি অ্যাঙ্কর প্রতিষ্ঠান, স্কুল, ইত্যাদিতে প্রচণ্ড গরম সহ্য করার ক্ষমতা বাড়িয়ে দিবে। সক্রিয় নকশার মাধ্যমে জলবায়ুর ঝুঁকির (যেমন, প্রচণ্ড গরম এবং আরবান হিট আইল্যান্ড) মূল্যায়ন করতে এবং সেগুলি কমানোর জন্য নতুন এবং মূলত সংস্কার করা স্টেট ভবনের প্রজেক্টের জন্য অফিস অফ জেনারেল সার্ভিসেসের (Office of General Services) নতুন "ডিকার্বনাইজেশন অ্যান্ড ক্লাইমেট রেজিলিয়েন্সি ডিজাইন গাইড (Decarbonization and Climate Resiliency Design Guide)" প্রকাশ করা হয়েছে।

- **ঠাণ্ডা স্কুলের জন্য নতুন বিনিয়োগ:** Education Law নতুন করে পাবলিক স্কুল ডিস্ট্রিক্ট এবং বোর্ড অফ কোঅপারেটিভ এডুকেশনাল সার্ভিসেসের (Board of Cooperative Educational Services, BOCES) জন্য একটি প্রচণ্ড গরমের জন্য নীতিমালা তৈরি করা আবশ্যক করেছে, যা নির্দিষ্ট তাপমাত্রার সীমা নির্ধারণ করে দিবে। NYSERDA স্কুলে ক্লিন কুলিং এবং হিটিং ইনস্টল করার জন্য বাড়তি তহবিল দিবে, যেমন Clean Water, Clean Air and Green Jobs Environmental Bond Act-এর অংশ হিসেবে দেওয়া তহবিলের মাধ্যমে তহবিল।
- **ঠাণ্ডা কমিউনিটিগুলির জন্য উন্নত সরঞ্জাম এবং তহবিল:** নিউ ইয়র্কবাসীর জন্য প্রচণ্ড গরমের পরামর্শ ও পূর্বাভাস, প্রাথমিক প্রচণ্ড গরমের এক্সপোজারের মানচিত্র এবং DOH-এর হিট ভালনারেবিলিটি ইনডেক্স (Heat Vulnerability Index) কমিউনিটিগুলিকে এক্সপোজার এবং দুর্বলতা সম্পর্কে বুঝতে সাহায্য করে। Climate Smart Communities-এর মতো প্রোগ্রামগুলি কমিউনিটিগুলিকে পরিকল্পনা, নকশা এবং বাস্তবায়নের সমাধানের জন্য তহবিল দেয়। নতুন এবং বাড়িয়ে দেওয়া তহবিল আর্বান বন, আর্বান খামার এবং কমিউনিটি বাগানের মতো প্রকৃতিভিত্তিক সমাধানকে সমর্থন করে যাতে আশেপাশের এলাকাগুলিকে ঠাণ্ডা করা যায় এবং হিট আইল্যান্ডের প্রশমন করা যায়। গভর্নর Hochul-এর (হোকল) New York Statewide Investment in More Swimming (NY SWIMS) উদ্যোগটি Connect Kids to Swimming Instruction Transportation অনুদান প্রোগ্রামের মাধ্যমে ঘরের বাইরে সাঁতারের সুযোগ বাড়িয়ে দিয়েছে এবং NY SWIMS Round One প্রতিযোগিতামূলক অনুদান প্রোগ্রামের মাধ্যমে সুবিধাবঞ্চিত কমিউনিটিতে সাঁতারের ফ্যাসিলিটির জন্য ক্যাপিটাল প্রজেক্ট অগ্রসর করেছে।

DOH সম্প্রতি তাদের ইন্টারেক্টিভ নিউ ইয়র্ক স্টেট হিট রিস্ক অ্যান্ড ইলনেস ড্যাশবোর্ড (New York State Heat Risk and Illness Dashboard) শুরু করেছে যা জনগণ এবং কাউন্টির স্বাস্থ্যসেবা কর্মকর্তাদেরকে নিজেদের এলাকার গরমের কারণে হওয়া স্বাস্থ্য সমস্যার ঝুঁকির পূর্বে অনুমান করা মাত্রা নির্ধারণ করতে এবং তাপের এক্সপোজারের ফলে হওয়া বিপদ সম্পর্কে সচেতনতা বাড়াতে দিবে।

"DEC ডাজ হোয়াট?! (DEC Does What?!)" পডকাস্টের পর্ব #4, *দ্য এয়ার আপ দেয়ার (The Air Up There)* দেখুন যেখানে এয়ার কোয়ালিটি ইনডেক্স কী এবং কীভাবে এটি ব্যবহার করতে হয়, কীভাবে আবহাওয়ার অবস্থা এবং একেক ঋতু বাতাসের মাণকে কীভাবে প্রভাবিত করে, নিউ ইয়র্কবাসীকে দাবানলের আগুনের ধোঁয়া নিয়ে চিন্তা করতে হবে কি না, এবং

অ্যান্টার্কটিকায় (Antarctica) বাতাসের মাণ নির্ণয় কীভাবে করা হয় সে সম্পর্কে বায়ু দূষণের মিটিয়োরলজিস্টরা বুঝিয়ে বলেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন